# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা-৬৬০০

স্মারক নং-পাবিপ্রবি/ভ:প:/২০২৫-২৬/১৪ তারিখ: ২৮ জুলাই ২০২৬ খ্রি.

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে শূন্য আসনে ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত বিভাগসমুহের শূন্য আসন পূরণের লক্ষ্যে নিম্ন তালিকাভূক্ত শিক্ষার্থীদের আগামী ২৯ জুলাই ২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ২:০০ ঘটিকার মধ্যে **বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে** উপস্থিত হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**বিভাগ অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের রোল নম্বরের তালিকাঃ**

| বিভাগ | ইউনিট ভিত্তিক শূণ্য আসন সংখ্যা | | | GST রোল নম্বর | ২৯ জুলাই ২০২৬ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে বিকেল ২:০০ ঘটিকা পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| | A | B | C | | |
| সমাজকর্ম | ৩ | ০ | ০ | 152780, 155039, 162056 | |
| ইতিহাস | ৪ | ০ | ০ | 182158, 158211, 154603, 144328 | |

**ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লিখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

০১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী **https://admission.pust.ac.bd** ওয়েবসাইটের মাধ্যমে GST-এর ID ও Password দিয়ে login করে সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফর্ম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফর্মটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিন্ট নিতে হবে। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নে উল্লিখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:-

i. GST কর্তৃক প্রদত্ত ID ও Password.
ii. রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।
iii. NID অথবা Birth Certificate Number.

**০২। ভর্তির সময় নিম্নে বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:**

i. পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট (A4 সাইজের অফসেট কাগজে)।
ii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর মূল সার্টিফিকেট, মূল নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
iii. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর সার্টিফিকেট, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের ফটোকপি ০১(এক) সেট।
iv. ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
v. সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৪ (চার) কপি রঙিন ছবি।
vi. অনলাইন/ব্যাংক-এ জমাকৃত ভর্তি ফি প্রদানের রশিদ।

**০৩। বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় 'ফি' এর পরিমাণ নিম্নে দেয়া হলো:**

| ক্র: নং | অনুষদের নাম | বিশ্ববিদ্যালয় ফি | সিলেবাস, শিক্ষা ও গবেষণা সহায়ক ফি | অনুষদ ফি | হল উন্নয়ন ফি | বিবিধ ফি | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| i. | মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (Economics, Bangla, Social Work, English, Public Ad., History) | ১০,৫০০ | ৬,০০০ | ৫০০ | ৮০০ | ২০০ | ১৮,০০০ |

**ভর্তি ফি সমূহ:** ভর্তি ফরম পূরণ শেষে ভর্তি ফি এবং বিভাগীয় সমিতি ফি প্রদানের অনলাইন অপশন পাওয়া যাবে অথবা জনতা ব্যাংক পিএলসি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় **পাবিপ্রবি জিএসটি ভর্তি ফান্ড** হিসাব এ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের রশিদ নির্ধারিত সময়ের মধ্যে অফিসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থিতা বাতিল হবে।

**বিশেষ শর্তাবলী:** শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

**বিশেষ দ্রষ্টব্য:**

- চূড়ান্ত ভর্তি কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র, ভর্তি ফি এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত নির্দেশনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://www.pust.ac.bd) প্রকাশ করা হবে।
- চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি সম্পন্ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী তার ভর্তির সুযোগ হারাবে এবং শূন্য আসনের বিপরীতে পরবর্তী মেধাক্রমের শিক্ষার্থীকে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

**(বিজন কুমার ব্রহ্ম)**
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।